বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.৬৭

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

**সার্কুলার**

**বিষয়: পিপিআর, ২০২৫ এর বিধি-৯৯(১)(ঠ) মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) প্রাকৃতিক দুর্যোগ বা অনুরূপ সংকট মোকাবেলায় আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নের ক্রয় পরিকল্পনা (APP) ই-জিপি সিস্টেমে প্রক্রিয়াকরণ প্রসঙ্গে।**

এতদ্বারা বাপাউবো'র ক্রয়কার্যের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিপিএ, ২০০৬ (সংশোধিত) এর ধারা ৬৫ মোতাবেক "ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পন্ন করতে হবে এবং ব্যতিক্রমী ক্ষেত্রে, ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে কোনো ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকরণে অসমর্থ হইলে বিপিপিএ-এর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে; তবে শর্ত থাকে যে সকল ক্রয় পরিকল্পনা আবশ্যিকভাবে ই-জিপি পোর্টালে প্রকাশ করিতে হইবে।" সে মোতাবেক বাপাউবো'র প্রায় শতভাগ ক্রয়কার্য ই-জিপিতে বাস্তবায়িত হচ্ছে। শুধুমাত্র প্রাকৃতিক দুর্যোগ হইতে উদ্ভূত কোনো জরুরী পরিস্থিতি বা অনুরূপ সংকট মোকাবেলায় সরাসরি ক্রয় পদ্ধতিতে আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নের সম্পূর্ণ প্রক্রিয়াটি ম্যানুয়াল পদ্ধতিতে এযাবত সম্পন্ন হয়ে আসছে। ই-জিপি পোর্টালে সরাসরি ক্রয় পদ্ধতিতে কার্য ক্রয়ের আদর্শ দরপত্র দলিল অদ্যবধি না থাকায় বর্তমানে দরপত্র আহবান এবং চুক্তি সম্পাদনের কাজ ই-জিপি পোর্টালে করা সম্ভব হচ্ছে না।

২। পিপিএ, ২০০৬ (সংশোধিত) এর ধারা-৬৫ এবং পিপিআর, ২০২৫ এর বিধি-২৫(১৪) অনুসারে বার্ষিক ক্রয় পরিকল্পনা ইজিপি পোর্টালের মাধ্যমে প্রনয়ন, অনুমোদন এবং প্রকাশ সকল ক্রয়কারীর জন্য বাধ্যতামূলক করা হয়েছে। বাপাউবো'তে প্রাকৃতিক দুর্যোগ বা অনুরূপ সংকট মোকাবেলায় আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন মহাপরিচালক, বাপাউবো মহোদয় হতে Appendix-II তে ম্যানুয়াল পদ্ধতিতে গ্রহণ করা হয়। ইতোমধ্যে, বাপাউবো-তে আপদকালীন জরুরী কাজ মনিটরিং এর জন্য Disaster Damage Reporting System (DDRS) (ddrs.bwdb.gov.bd) চলমান রয়েছে। উক্ত DDRS সিস্টেমের সাথে সমন্বয় করে ক্রয় পরিকল্পনা (APP) ই-জিপি পোর্টালের মাধ্যমে অনুমোদন গ্রহণ করতে হবে।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক কোনো কাজকে জরুরী ঘোষণা করা হলে, উক্ত কাজটির যাবতীয় তথ্যাদি DDRS এ অন্তর্ভূক্ত করতে হবে। DDRS এ তথ্য প্রদান করা হলে প্রতিটি কাজের বিপরীতে একটি ইউনিক আইন্ডেটিফিকেশন নম্বর জেনারেট হবে। ইউনিক আইন্ডেটিফিকেশন নম্বর জেনারেট এর পর ক্রয়কারী (PE) ই-জিপিতে ক্রয় পরিকল্পনা (APP) প্রস্তুত করবে এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তা অনুমোদনের জন্য মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের নিকট প্রেরণ করবে। DDRS সিস্টেম জেনারেটেড ইউনিক আইন্ডেটিফিকেশন নম্বর ই-জিপিতে ক্রয় পরিকল্পনা প্রনয়নের সময় Package Description এ কাজের নামের শেষে আবশ্যিকভাবে অর্ন্তভূক্ত করতে হবে। ক্রয়কারী এবং তদূর্দ্ধ কর্মকর্তাগণকে ই-জিপিতে APP উর্দ্ধগামী করণের সময় কমেন্ট বক্সে Appendix-II তে বর্ণিত প্রত্যয়ন/সুপারিশসমূহ ইংরেজীতে উল্লেখ করতে হবে।

৪। মহাপরিচালক, বাপাউবো কর্তৃক ই-জিপিতে ক্রয় পরিকল্পনা অনুমোদন করা হলে ম্যানুয়াল পদ্ধতিতে Appendix-II তে প্রশাসনিক অনুমোদন গ্রহণের কোনো প্রয়োজন নেই। তবে, জরুরী আপদকালীন কাজ সংক্রান্ত অন্যান্য প্রক্রিয়াসমূহ (দরপত্র মূল্যায়ন, অনুমোদন, চুক্তি স্বাক্ষর, এ্যাসেসম্যান্ট কমিটির নিকট প্রেরণ, বরাদ্দ প্রদান) পূর্বের নিয়মে ম্যানুয়াল পদ্ধতিতে চলমান থাকবে।

৫।	ই-জিপি পোর্টালে সরাসরি ক্রয় পদ্ধতিতে কার্য (Works) ক্রয়ের আদর্শ দরপত্র দলিল আপলোড করা হলে তা বাপাউবো'র সকল ক্রয়কারীকে অবহিত করা হবে এবং সেক্ষেত্রে ই-জিপি পোর্টালের মাধ্যমে চুক্তি সম্পাদনের যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে।

৬।	মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

৩০-০৭-২০২৬
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
ফোন : ০২২২২২৩০০১৫
ইমেইল : se.cpc.bwdb@gmail.com

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
২। প্রকল্প পরিচালক (সকল), ................................................, বাপাউবো।
৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পনগ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।

৩০-০৭-২০২৬
সৌরভ কুমার দাস
নির্বাহী প্রকৌশলী (পুর)

ডায়েরী নং ৮৭২ ....
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব সহায়ক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ৩০/৭/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।